



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	২১
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	২২
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা	২৮

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (তিনবছর) প্রধান অর্জনসমূহ:

অত্যন্তরীণ সম্পদ বিভাগের প্রধান কাজ হচ্ছে প্রত্যক্ষ ও পরোক্ষ কর আরোপ, কর আহরণ এবং এতদসংক্রান্ত আইন, বিধি-বিধান প্রণয়ন-হালনাগাদকরণ। ২০১২-২০১৩ অর্থবছরে মোট লক্ষ্যমাত্রা ১,২৯,২৫৯ কোটি টাকার বিপরীতে রাজস্ব আদায় হয়েছিল ১,০৯,১৫১.৭৩ কোটি টাকা। ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১,২৫,০০০ ও ১,৩৫,০২৮ কোটি টাকা; যার বিপরীতে আদায়কৃত রাজস্বের পরিমাণ যথাক্রমে ১,২০,১৭৮ ও ১,৩৬,৮৭৯.০০ কোটি টাকা। ২০১৪-১৫ অর্থবছরে লক্ষ্যমাত্রার চেয়ে ১,৮৫১ কোটি টাকা বেশি রাজস্ব আদায় হয়েছিল। ২০১২ সাল হতে চট্টগ্রাম কাস্টম হাউস, বেনাপোল কাস্টম হাউস, মংলা কাস্টম হাউজ, কাস্টমস হাউজ (আইসিডি) কমলাপুরে এবং ২০১৪-১৫ অর্থবছরে ঢাকা ও পানগাও কাস্টমস হাউসে স্বয়ংক্রিয়ভাবে শুল্ক বিভাগের কার্যক্রম প্রক্রিয়াকরণের জন্য ASYCUDA World সফটওয়্যার চালু করা হয়েছে। ২০১৩-১৪ অর্থ বছরে ২০.২৩ লক্ষ কাস্টমস ডিক্লারেশন অনলাইনে দাখিল করা হয়েছে। ২০১৩-১৪ অর্থ বছরে সরাসরি অনলাইনে e-TIN সংগ্রহ পদ্ধতি চালু করা হয়েছে। ইতোমধ্যে ১৬.৫০ লক্ষাধিক করদাতা e-TIN রেজিস্ট্রেশন / রি-রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। ২০১৩-১৪ অর্থবছরে e-Payment পদ্ধতি চালু করা হয়েছে। এ পদ্ধতির মাধ্যমে করদাতা সরাসরি অনলাইনে কর পরিশোধ করতে পারেন। ইতোমধ্যে চালুকৃত ৯টি ট্যাক্সপেয়ার সার্ভিস সেন্টারের মাধ্যমে ৭৭,০০০ করদাতা সেবা গ্রহণ করেছেন। আয়কর মেলা ২০১৪-এ দেশব্যাপী ৬৪টি জেলায় ১,৫০,০০০ জন করদাতা তাদের আয়কর রিটার্ন দাখিল করেছেন। এতে ১,৬৭৫ কোটি টাকা রাজস্ব আদায় হয়েছে। ১৫,৯০০ জন করদাতাকে e-TIN রেজিস্ট্রেশন/রি-রেজিস্ট্রেশন এর আওতায় আনা হয়েছে। জাতীয় সঞ্চয় ফ্রীমের মাধ্যমে ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে যথাক্রমে নীট ৭৭২ কোটি টাকা, ১১,৭০৭ কোটি টাকা, ২৮,৭৩২.৬৪ কোটি টাকা আহরিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সঠিক কর নির্ধারণ, কর ফাঁকি রোধ, করের আওতা সম্প্রসারণ, প্রশিক্ষিত জনবল স্বল্পতা প্রভৃতি এ বিভাগের সমস্যা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

ভবিষ্যতে জাতীয় রাজস্ব আদায় বৃদ্ধির জন্য মূসক অনলাইন ব্যবস্থা চালু, অনলাইনে আয়কর রিটার্ন দাখিল, তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরণ, করনেট (ট্যাক্সনেট) সম্প্রসারণ, কর ফাঁকি রোধ এবং আইন ও কর প্রদান পদ্ধতি সহজীকরণ; কর শিক্ষা, বিজ্ঞাপন এবং ট্যাক্স পেয়ার্স সার্ভিস; প্রয়োজনীয় উদ্যোগের মাধ্যমে উচ্চ আদালতের পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তি ও সংশ্লিষ্ট রাজস্ব আদায়; কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আদায় জোরদার করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

২০১৫-১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ২০১৫-১৬ অর্থবছরে ধার্যকৃত ১,৭৬,৩৭০ কোটি টাকা রাজস্ব আহরণ
- কর প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ
 - ভ্যাট অন-লাইন প্রকল্পের আওতায় মূসক রেজিস্ট্রেশন কার্যক্রম ৩০-১২-২০১৫ থেকে শুরু
 - ই-ফাইলিং এ আয়কর রিটার্ন দাখিলের কার্যক্রম ৩০-৬-২০১৬ থেকে শুরু
 - ই-টিআইএন রেজিস্ট্রেশন ৩,৬০,০০০-এ সম্প্রসারণ
 - ই-পেমেন্ট পদ্ধতি ব্যবহারে করদাতাদের উদ্বুদ্ধকরণ
 - সকল শুল্ক স্থলবন্দরে ASYCUDA ওয়ার্ল্ড পদ্ধতি চালুকরণ
- জাতীয় সঞ্চয় ফ্রীমসমূহের মাধ্যমে ১৫,০০০ কোটি টাকা সঞ্চয় আহরণ

